JAN. 28 2001

ভোরের কাগজ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবিতে দুটি উচ্ছৃঙ্খল ঘটনার তদন্তে দুটি কমিটি গঠিত

কাগজ প্রতিনিধি : গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সংঘটিত দুটি উচ্ছৃঙ্খল ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তিন সদস্য করে পৃথক দুটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করেছে।

গত বৃহস্পতিবার উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরি সভায় তথ্যানুসন্ধান কমিটি দুটি গঠন করা হয়। এ কমিটি তথ্যানুসন্ধানপূর্বক দোষী ব্যক্তিদের শনাক্ত করে শাস্তির সুপারিশসহ আগামী এক সপ্তাহের মধ্যে প্রতিবেদন প্রদান করবে।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত বুধবার রাতে কার্জন হল এলাকায় একটি ছাত্র সংগঠনের অভ্যন্তরীণ দ্বন্দ্বের জের হিসেবে একজন ছাত্রকে আক্রমণ করে ছুরিকাহত করার ঘটনায় শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক এস এম ইমামুল হককে আহ্বায়ক, সিনিয়র হাউজ টিউটর অধ্যাপক মোঃ হারুন অর রশীদকে সদস্য এবং সহকারী প্রক্টর ড. সাইফুল ইসলামকে সদস্য সচিব করে একটি কমিটি গঠন করেছে। ওপর দিকে একইদিনে সলিমুল্লাহ হলের একজন ছাত্র এবং একজন বহিরাগত ব্যক্তির সঙ্গে হলের অন্যান্য কয়েকজন ছাত্রের মারামারি হওয়ার ঘটনা পত্রিকায় প্রকাশিত হওয়ার পরিপ্রেক্ষিতে সলিমুল্লাহ হলের সহকারী প্রক্টর অধ্যাপক নাজমুল আহসান সলিমুল্লাহকে আহ্বায়ক, সলিমুল্লাহ হলের সিনিয়র হাউজ টিউটর ড. কাওসার মুস্তফাকে সদস্য এবং ভারপ্রাপ্ত প্রাধ্যক্ষ ড. রুহুল আমিনকে সদস্য সচিব করে আরেকটি তথ্যানুসন্ধান কমিটি গঠন করা হয়েছে।